দৈনিক
ইনকিলাব

তারিখ ... 20 MAY 2010
পৃষ্ঠা ... কলাম ...

জমিয়াতুল মোদাররেছীনের অভিনন্দন

# আজ ইবি'র অধীনে ফাযিল কামিল পরীক্ষা শুরু

আলতাফ হোসেন, *ইবি থেকে*

ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীন কামিল (এমএ) ২য় পর্ব ও ফাযিল (ডিগ্রি) পরীক্ষা আজ বৃহস্পতিবার থেকে শুরু হচ্ছে। এবছর ফাযিলে মোট পরীক্ষার্থীর সংখ্যা ৬১ হাজার ২১০জন। এর মধ্যে ফাযিল ১ম বর্ষে ২৭ হাজার ১৯২ জন এবং ২য় বর্ষে ১৭ হাজার ৯৭৪ জন এবং ৩য় বর্ষে ১৬ হাজার ৭৫জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেবে বলে জানা গেছে। মোট ২৬৪টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। কামিল (এমএ) ২য় বর্ষের ১৭ হা[জার] ২১০ জন পরীক্ষার্থী পরীক্ষায় অং[শ] নিবে। ১০৮টি কেন্দ্রে কামিল পরী[ক্ষা] নেয়া হবে। পরীক্ষার সকল প্র[স্তুতি] ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে ব[লে] গতকাল সাংবাদিকদের সা[থে] মতবিনিময়ে বিশ্ববিদ্যালয় প[ক্ষে] জানান। এসময় বিশ্ববিদ্যাল[য়ের] ট্রেজারার

পৃঃ ১৫ কঃ ৪

## আজ ইবি'র অধীনে ফাযিল

*১৬-এর পৃষ্ঠার পর*

প্রফেসর ড. শাহজাহান আলী, পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত) মোহাম্মদ আলী সাংবাদিকদের কাছে পরীক্ষা সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় তুলে ধরেন।

বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. এম আলাউদ্দিন পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সকল প্রশাসনিক কর্মকর্তা, মাদ্রাসার শিক্ষক, কর্মকর্তা, ছাত্রছাত্রী ও স্থানীয় প্রশাসনের সহযোগিতা চেয়েছেন। তিনি বলেন, এবারের পরীক্ষা সম্পূর্ণ নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠিত হবে। পরীক্ষায় অসদুপায় অবলম্বনকারী ও সাহায্যকারী সবাইকে আইনের আওতায় আনা হবে।

এদিকে মাদ্রাসা শিক্ষকদের সংগঠন জমিয়াতুল মোদাররেছীনের সভাপতি ও দৈনিক ইনকিলাবের সম্পাদক আলহাজ এ এম এম বাহাউদ্দিন ও মহাসচিব আলহাজ অধ্যক্ষ মাওলানা শাব্বির আহমদ মমতাজী নির্দিষ্ট সময়ে ফাযিল ও কামিল পরীক্ষা শুরু হওয়ায় মহান আল্লাহ পাকের শুকরিয়া আদায় করেন। তারা যথাসময়ে পরীক্ষার প্রস্তুতি সম্পন্ন করায় ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভিসি, প্রো-ভিসি, ট্রেজারার, রেজিস্ট্রার, পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর ও মাদ্রাসা দপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীকে অভিনন্দন জানিয়েছেন। নেতৃবৃন্দ পরীক্ষা সুন্দর ও সুষ্ঠু পরিবেশে অনুষ্ঠানের জন্য মাদ্রাসা শিক্ষক, ছাত্রছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে সর্বাত্মক সহযোগিতা করার অনুরোধ জানিয়েছেন।

মাগুরা জেলার শালিখা থানার ছয়ঘরিয়া এবিএস ফাযিল মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা আব্দুল মতিন জানান, তার কেন্দ্রে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে পরীক্ষার খাতাসহ প্রয়োজনীয় কাগজপত্র পৌঁছানো হয়েছে। পরীক্ষা গ্রহণের জন্য কেন্দ্রের আয়োজন সম্পন্ন হয়েছে। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ আজ বৃহস্পতিবার ঢাকার সরকারি আলিয়া মাদ্রাসার পরীক্ষা পরিদর্শন করবেন। এসময় ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. এম. আলাউদ্দিন, প্রো-ভিসি প্রফেসর ড. মোঃ কামাল উদ্দিন উপস্থিত থাকবেন।